

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৩৯৪

বিশ্বামগঞ্জ, ৩০ ডিসেম্বর, ২০২৩

সিপাহীজলা জেলায় সেরা কৃষক সম্মাননা অনুষ্ঠান  
প্রধানমন্ত্রী কৃষকদের আত্মনির্ভর করার সংকল্প নিয়ে কাজ করছেন : কৃষিমন্ত্রী

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশের গ্রাম, গরিব ও কৃষকদের আত্মনির্ভর করার সংকল্প নিয়ে কাজ করছেন।  
রাজ্য সরকারও এই শ্রেণীর মানুষের উন্নয়নে মিশন মোডে কাজ করছে। গতকাল বিশ্বামগঞ্জস্থিত শচিন দেববর্মা স্মৃতি  
কলাক্ষেত্রে কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরে উদ্যোগে আয়োজিত জেলার সেরা কৃষক সম্মাননা ও কৃষি যন্ত্রপাতি বিতরণ  
অনুষ্ঠানের প্রধান অতিথির বক্তব্যে কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী রতনলাল নাথ একথা বলেন। এদিনের অনুষ্ঠানে জেলার  
১২০ জন সেরা কৃষকে সম্মাননা দেওয়া পাশাপাশি ৮ জনকে কৃষি যন্ত্রপাতি তুলে দেওয়া হয়।

অনুষ্ঠানে কৃষিমন্ত্রী বলেন, সিপাহীজলা জেলা খাদ্যশয্য ও ধান উৎপাদনে রাজ্যে প্রথম স্থানে রয়েছে।  
গত অর্থবছরে জেলায় ১ লক্ষ ৬৫ হাজার মেট্রিকটন ধান উৎপাদন হয়েছে। খাদ্যশয্য উৎপাদন হয় ১ লক্ষ ৭১ হাজার  
মেট্রিকটন। জেলার কৃষকদের সহায়তার জন্য রয়েছে ৭টি কৃষি মহকুমা কার্যালয়। তিনি আরও বলেন, রাজ্যের কৃষকদের  
কৃষি কাজের প্রয়োজনীয় যন্ত্রপাতি সংক্রান্ত সমস্যা দূরীকরণের লক্ষ্যে ৩৭৫টি ফার্ম মেশিনারি ব্যাঙ্ক দল গঠন করা হবে।  
এরমধ্যে ১৪৯টি জনজাতি এলাকায় গঠন করা হবে। প্রতিটি দলকে ৯ লক্ষ ৫০ হাজার টাকা মূল্যের বিভিন্ন কৃষি  
যন্ত্রপাতি দেওয়া হবে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধীপতি সুপ্রিয়া দাস  
দত্ত। স্বাগত বক্তব্য রাখেন কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের অধিকর্তা শরদিন্দু দাস।

\*\*\*\*\*